

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
নিউ ইস্কাটন শাখা, ঢাকা ।

**অর্থঝণ আদালত আইন ২০০৩ (২০০৩ সনের ৮নং আইন) এর ৩৩ (৭) ধারা মোতাবেক
বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, খণ্ড গ্রহীতা মেসার্স ক্যাটিনা কম্পিউটারস্, অংশীদার মিসেস রফিজা খাতুন ব্যবসায়িক ঠিকানা- ই.সি.এস. কম্পিউটার সিটি, দোকান নং - ৭৫৪-৭৫৫, ৬৯-৭১ মিরপুর রোড, ঢাকা, বর্তমান ও স্থায়ী ঠিকানা- ১৪/১ নিউ ইস্কাটন, গাউস নগর, রমনা, ঢাকা কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, নিউ ইস্কাটন শাখা হইতে গ্রহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে)। মোকাম জজ অর্থঝণ আদালত নং-৩, ঢাকা থেকে প্রাপ্ত ভূমিতে স্বত্ত্ব-দখল ও ভোগের সনদপত্র, ৩৩(৭) ধারা যাহার মামলা নং- অর্থঝণ মোকদ্দমা নং- ১৪৩/২০১৩ এবং অর্থজারী মোকদ্দমা নং- ২৭৮/২০১৩ এর সার্টিফিকেটের ক্ষমতাবলে নিলাম বিজ্ঞপ্তি। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ৩১/১০/২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,৪৪,৯১,৫৭৫.৮৮ (এক কোটি চুয়াল্লিশ লক্ষ একানবই হাজার পাঁচ শত পচাস্তর টাকা আটাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জিলা - ঢাকা, থানা - রমনা, মৌজা - বড় মগবাজার, জে. এল. নং - সি. এস. এবং এস.এ - ২৮০, আর. এস. এবং ঢাকা সিটি জরিপ - ১, দাগ নং - সি. এস. - ২১৯, এস.এ - ৬৩২, আর. এস. - ২০৫৭ এবং ঢাকা সিটি জরিপ (ডিপি) - ৪৭৩৬, খতিয়ান নং - সি. এস. - ৬৭, এস.এ - ৩০০, আর. এস. - ১৬৫০ এবং ঢাকা সিটি জরিপ (ডিপি) - ৪০২০, সিটি কর্পোরেশন হোল্ডিং নং - ১৪/১, নিউ ইস্কাটন, গাউস নগর, রমনা, ঢাকা এর উপর নির্মিত ৯ (নয় তলা) ভবনের তৃতীয় তলায় উভয় পশ্চিম পার্শ্বের ১৫৫০ বর্গফুটের একটি ফ্ল্যাট যাহার নং - বি-২ তদসহ অবিভক্ত ও অবিভাজ্য আনুপাতিক হারে জমির পরিমাণ ০.৪৪ শতাংশ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৪/১২/২০১৯ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখায় রাখ্তিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-আর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গ্রহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গ্রহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গ্রহীত হইবার পরবর্তী ৯০ (নবই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াঙ্গ হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াঙ্গ হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইঞ্জিনিয়ারিং শাখা।

